ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
প্রিন্সিপাল শাখা,
৫৮, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
অর্থঋন আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক

**নিলাম দরপত্র বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা এর নিম্ন লিখিত ঋণগ্রহীতা কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ রেজিষ্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিষ্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উক্ত সম্পত্তি সমূহ বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা ১) **M/s. ATCO international** এর প্রোপাইটর মরহুম জাহাঙ্গীর সাত্তার টিংকু, পিতা- মরহুম এম. এ সাত্তার মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১/০৮/২০১৫ ইং তারিখে সুদসহ বকেয়া পাওনা ৬,৪২,০৮,৫৪৮.০০ টাকা (ছয় কোটি বিয়াল্লিশ লক্ষ আট হাজার পাঁচশত আটচল্লিশ টাকা) মাত্র, ২) **Parisha Trade System Ltd** এর ব্যবস্থাপনা পরিচালক জনাব আব্দুর রাজ্জাক, পিতা- মরহুম আব্দুল কুদ্দুস মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১/০৮/২০১৫ ইং তারিখে সুদসহ বকেয়া পাওনা ১৬,০১,০৬,৬৭৯.৪৮ টাকা (ষোল কোটি এক লক্ষ ছয় হাজার ছয়শত উনআশি টাকা আটচল্লিশ পয়সা) মাত্র, ৩) **PTSL-ATCO Joint Venture** এর প্রতিনিধিত্বকারী ভারপ্রাপ্ত অংশীদার পারিশা ট্রেড সিস্টেম লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব আব্দুর রাজ্জাক, পিতা- মরহুম আব্দুল কুদ্দুস মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১/০৮/২০১৫ ইং তারিখে সুদসহ বকেয়া পাওনা ২,৬৬,৫৭,৯৭৫.২৪ টাকা (দুই কোটি ছেষট্টি লক্ষ সাতান্ন হাজার নয়শত পঁচাত্তর টাকা চব্বিশ পয়সা) মাত্র, ৪) **PTSL-J-N Joint Venture** এর প্রতিনিধিত্বকারী ভারপ্রাপ্ত অংশীদার পারিশা ট্রেড সিস্টেম লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব আব্দুর রাজ্জাক, পিতা- মরহুম আব্দুল কুদ্দুস, সর্বঠিকানা- সাব্বির টাওয়ার, ৩/৪-এ, পুরানা পল্টন, ঢাকা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১/০৮/২০১৫ ইং তারিখে সুদসহ বকেয়া পাওনা ১৪,৮২,২৭,৮০৮.৩৬ টাকা (চৌদ্দ কোটি বিরাশি লক্ষ সাতাশ হাজার আটশত আট টাকা ছত্রিশ পয়সা) মাত্র ও অন্যান্য খরচ এবং আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি নিলাম বিক্রয়ের আগ্রহী ক্রেতাগনের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল**

1. All that piece and parcel of land containing by admeasurements-Dimension- North- 45'-4", South- 45'-3", East- 51'-0" and West- 51'-0" i.e. 3.20 (three point two zero) Kathas or 2298.37 sft. more or less situated in Chandrima Residential Area of Chittagong Development Authority in the Sub-Registration Chandgaon, District- Chittagong, Mouza-Chandgaon, under P.S/Upazila- Chandgaon being Plot No. 129 of the layout plan No.TP/D-2/99, dated 25.05.1999 of Chandrima Residential Area prepared by the Chittagong Development Authority, alongwith all structures constructed and/or any other structures to be constructed thereon with all rights, title, interests, easements, etc. attached or appertaining to the land.

2. All that piece and parcel of land measuring 9.00 (nine)decimals or 4 II Kara (four gandas two kara) situated within District-Chittagong, P.S./Upazila- Panchlaish, under Sadar Sub-Registry Office- Chittagong, Ward No.7, B.S. J.L. No.3, Mouza- Paschim (West) Sholashahar, R.S. Khatian No.1239, B.S. Khatian No. 348, Mutation Khatian No. 348/08, R.S. Dag No. 106, 111, B.S. Dag No. 12059, 12060, possession in 12060, butted and bounded by on the North- Kunjachaya Residential Area, C Block, on the South- Haji Shah Alam & Emdad Hossain, on the East-Easement Road 30'-0", on the West- Absar Hossain Chowdhury, alongwith all structures constructed and/or any other structures to be constructed thereon with all rights, title, interests, easements, etc. attached or appertaining to the land.

**Cont. Page-02**

## নিলামের শর্তাবলীঃ

(১) আগামী ১৭/১১/১৫ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা, ঢাকা এ রক্ষিত বক্সে সরাসরি অথবা রেজিষ্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সমানে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা, ঢাকা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সবোর্চ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সবোর্চ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সবোর্চ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

(৪) দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

(৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্ন স্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিষ্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।

(৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যাতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা,**
**৫৮, মাতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০।**